হাইকোর্ট ফৌজদারী ফরম নং- ৬

নম্বর ............................... ২০

| ক্রমিক নং | তারিখ | নোট ও আদেশ |
|---|---|---|

**বাংলাদেশ সুপ্রীম কোর্ট**
**হাইকোর্ট বিভাগ**
**(ফৌজদারী রিভিশন অধিক্ষেত্র)**

**উপস্থিতঃ**
**বিচারপতি জনাব মোঃ আশরাফুল কামাল**

**ফৌজদারী রিভিশন নং ২৬১৪/ ২০২২**

সেলিম আহমেদ

----আসামী-দরখাস্তকারী।

-বনাম-

রাষ্ট্র ও অন্য

----রাষ্ট্র-প্রতিবাদীদ্বয়।

এ্যাডভোকেট মোঃ বুলবুল আবু সাঈদ

----আসামী-দরখাস্তকারী পক্ষে।

এ্যাডভোকেট মোহাম্মদ হাসিবুর রহমান

----২নং প্রতিবাদী পক্ষে।

এ্যাডভোকেট মোঃ নুরউস সাদিক চৌধুরী, ডেপুটি এ্যাটর্নী জেনারেল সংগে

এ্যাডভোমেকট লাকী আক্তার, সহকারী এ্যাটনী জেনারেল

এ্যাডভোকেট ফেরদৌসী আক্তার, সহকারী এ্যাটর্নী জেনারেল

----রাষ্ট্র-প্রতিপক্ষ পক্ষে।

**শুনানী এবং রায় প্রদানের তারিখঃ ২৩.০৭.২০২৩।**

**বিচারপতি জনাব মোঃ আশরাফুল কামালঃ**

বিজ্ঞ যুগ্ম মহানগর দায়রা জজ, ৬ষ্ঠ আদালত, ঢাকা কর্তৃক মহানগর দায়রা মামলা নং ৪৯৪৭/২০১২ *(সি,আর নং ৪০৮৪/২০০৯ The Negotiable Instrument Act, 1881 ধারা ১৩৮ হতে উদ্ভুত)* শুনানীঅন্তে বিগত ইংরেজী ১২.০৪.২০১৮ তারিখে প্রদত্ত রায় ও আদেশে আসামী সেলিম আহমেদকে The Negotiable Instrument Act, 1881 ধারা ১৩৮ এর অপরাধে দোষী সাব্যস্থ করে ০১(এক) মাস বিনাশ্রম কারাদন্ড এবং ১,৩০,০০০/- (এক লক্ষ ত্রিশ হাজার) টাকা অর্থদন্ড প্রদান করেন। উক্ত রায় ও আদেশে সংক্ষুদ্ধ হয়ে আসামী সেলিম আহমেদ ফৌজদারী আপীল নং ১৬৩/২০১৯ দাখিল করলে বিজ্ঞ বিশেষ দায়রা জজ, ৩য় আদালত, ঢাকা শুনানী অন্তে বিগত ইংরেজী ২৪.০৫.২০২২ তারিখে প্রদত্ত রায় ও আদেশে ফৌজদারী আপীলটি নামঞ্জুর করেন। উপরিল্লিখিত রায় ও আদেশে সংক্ষুদ্ধ হয়ে সাজাপ্রাপ্ত-আসামী সেলিম আহমেদ ফৌজদারী কার্যবিধির ৪৩৯ এবং ৪৩৫ ধারায় অত্র ফৌজদারী রিভিশন মোকদ্দমাটি দায়ের করে অত্র রুলটি প্রাপ্ত হন।

দ্রষ্টব্য ঃ- কালো কালিতে অফিস নোটের একটি ক্রমিক নম্বর এবং লাল কালি কোর্টের আদেশ সমূহের ভিন্ন নম্বর দিতে হবে।
সি-২১/১৮-১৯(ল)/তারিখ ২৫-১১-১৮
গভর্নমেন্ট প্রিন্টিং প্রেস- কম্পিউটার শাখা-বি-৮৮৫/২০১৮-২০১৯/(লঃ)-২৭-১১-২০১৮-১,০০,০০০ কপি।

হাইকোর্ট ফৌজদারী ফরম নং- ৬

নম্বর ................................ ২০

| ক্রমিক নং | তারিখ | নোট ও আদেশ |
|---|---|---|
| | | আপীলকারীপক্ষে বিজ্ঞ এ্যাডভোকেট জনাব মোঃ বুলবুল আবু সাঈদ বিস্তারিতভাবে যুক্তিতর্ক উপস্থাপন করেন। অপরদিকে ২নং বিবাদীপক্ষে বিজ্ঞ এ্যাডভোকেট জনাব মোহাম্মদ হাসিবুর রহমান বিস্তারিতভাবে যুক্তিতর্ক উপস্থাপন করেন।<br>অত্র ফৌজদারী রিভিশন দরখাস্ত এবং নথী পর্যালোচনা করা হলো। আপীলকারীপক্ষে বিজ্ঞ এ্যাডভোকেট জনাব মোঃ বুলবুল আবু সাঈদ এবং ২নং বিবাদীপক্ষে বিজ্ঞ এ্যাডভোকেট জনাব মোহাম্মদ হাসিবুর রহমান এর যুক্তিতর্ক যুক্তিতর্ক শ্রবন করা হল।<br>বিজ্ঞ এ্যাডভোকেট জনাব মোঃ বুলবুল আবু সাঈদ অতিরিক্ত হলফনামা তারিখ ১৮.০৭.২০২৩ উপস্থাপনপূর্বক নিবেদন করেন যে, অত্র দরখাস্তকারী সেলিম আহমেদ ব্রাক ব্যাংক থেকে প্রাপ্ত ঋণ বিগত ইংরেজী ২৬.০৭.২০২২ তারিখে পরিশোধ করেছেন। ব্রাক ব্যাংক বিগত ইংরেজী ২৬.০৭.২০২২ তারিখে তৎমর্মে প্রত্যয়নপত্র প্রদান করেন (এনেক্সার-ই)। অভিযোগকারী ব্রাক ব্যাংক পক্ষের বিজ্ঞ এ্যাডভোকেট মোহাম্মদ হাসিবুর রহমান বিষয়টির সত্যতা নিশ্চিত করেন। যেহেতু দরখাস্তকারী কর্তৃক ঋণটি সমন্বয় হওয়ায় সেহেতু অভিযোগকারীর অত্র চেকের বিষয়ে আর কোন দাবী নেই। অত্র রুলটি নিস্পত্তিযোগ্য।<br>**অতএব, আদেশ হয় অত্র রুলটি নিস্পত্তি করা হলো।**<br>বিজ্ঞ যুগ্ম মহানগর দায়রা জজ, ৬ষ্ঠ আদালত, ঢাকা কর্তৃক মহানগর দায়রা মামলা নং ৪৯৪৭/২০১২-এ প্রদত্ত বিগত ইংরেজী ১২.০৪.২০১৮ তারিখের রায় ও দন্ডাদেশ এবং বিজ্ঞ বিশেষ দায়রা জজ, ঢাকা কর্তৃক ফৌজদারী আপীল মামলা নং ১৬৩/২০১৯-এ প্রদত্ত বিগত ইংরেজী ২৪.০৫.২০২২ তারিখের রায় ও আদেশ এতদ্বারা বাতিল করা হলো। দরখাস্তকারীকে The Negotiable Instrument Act, 1881 এর ধারা ১৩৮ এর অভিযোগ থেকে অব্যাহতি তথা খালাস দেওয়া হলো।<br>অত্র রায়ের অনুলিপি সহ নথি (LCR) সংশ্লিষ্ট আদালতে দ্রুত প্রেরন করা হউক।<br><br>(বিচারপতি মোঃ আশরাফুল কামাল) |

দ্রষ্টব্য ঃ- কালো কালিতে অফিস নোটের একটি ক্রমিক নম্বর এবং লাল কালি কোর্টের আদেশ সমূহের ভিন্ন নম্বর দিতে হবে।

সি-২১/১৮-১৯(ল)/তারিখ ২৫-১১-১৮
গভর্নমেন্ট প্রিন্টিং প্রেস- কম্পিউটার শাখা-বি-৮৮৫/২০১৮-২০১৯/(লঃ)-২৭-১১-২০১৮-১,০০,০০০ কপি।